২৮

19 DEC 1997

তারিখ ... 18 DEC. 1997 ... ...
পৃষ্ঠা ২৫ কলাম ৭ ...

ভোরের কাগজ

### প্রধানমন্ত্রীর সভাপতিত্বে একনেকের বৈঠক

# ১২টি বিশ্ববিদ্যালয় স্থাপনসহ ২৩০০ কোটি টাকা ব্যয়সাপেক্ষ ১২টি প্রকল্প অনুমোদন

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) ১২টি পুরোনো বৃহত্তর জেলায় যেখানে কোনো বিশ্ববিদ্যালয় নেই সেখানে নতুন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনসহ ২ হাজার ৩০০ কোটি টাকা ব্যয়সাপেক্ষ ১২টি প্রকল্প গতকাল অনুমোদন করেছে। বাসস।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে একনেক-এর ২৭তম বৈঠকে গতকাল এই প্রকল্পগুলো অনুমোদিত হয়। ১২টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মধ্যে প্রথম পর্যায়ে ৬টি বিশ্ববিদ্যালয় স্থাপন করা হবে। বৈঠকে সভাপতিত্বকালে প্রধানমন্ত্রী নির্ধারিত ২০০৬ সালের আগে দেশকে সম্পূর্ণভাবে নিরক্ষরতা মুক্ত করার পক্ষে আশাবাদ ব্যক্ত করেন। বৈঠকে অবহিত করা হয় যে, বর্তমান সরকার ক্ষমতায় আসার পর দেশে স্বাক্ষরতার হার ৪৭ থেকে ৫১ শতাংশে উন্নীত হয়েছে।

অনুমোদিত প্রকল্পগুলো হলো- খাদ্য সাহায্যভিত্তিক পল্লী উন্নয়ন প্রকল্প, ১২টি পুরোনো বৃহত্তর জেলায় যেখানে কোনো বিশ্ববিদ্যালয় নেই, প্রত্যেকটিতে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন (প্রথম পর্যায়ে ৬টি স্থাপন করা হবে), উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রকল্প (পুনঃসংশোধিত), অনানুষ্ঠানিক শিক্ষা প্রকল্প (সংশোধিত), শহরের বস্তি ও শহরকেন্দ্রে স্বাস্থ্যসেবা ও পানি সরবরাহ, ঢাকায় উচ্চপদস্থ সরকারি কর্মকর্তাদের জন্য ১০০টি ফ্ল্যাট নির্মাণ, ১৬টি জেলায় বিদ্যুৎ সরবরাহ প্রকল্প (সংশোধিত), ঘোড়াশাল তাপ বিদ্যুৎ কেন্দ্রের ১ নং ও ২নং ইউনিটের সংস্কার ও আধুনিকীকরণ, ঘোড়াশাল তাপ বিদ্যুৎ কেন্দ্রের (৬ষ্ঠ ইউনিট) সম্প্রসারণ, ঢাকায় আন্তর্জাতিকমানের জাতীয় স্টেডিয়াম নং-৪ নির্মাণ (প্রথম পর্যায়) ইত্যাদি।

অনুমোদিত ১২টি প্রকল্পের মধ্যে ৪টি প্রকল্পের অর্থ স্থানীয় সম্পদ থেকে যোগান দেওয়া হবে। এই অর্থের পরিমাণ ১৭৭ কোটি টাকারও বেশি। মোট অর্থের ১ হাজার ২০০ কোটি টাকারও বেশি প্রকল্প সাহায্য আকারে থাকবে। সংশ্লিষ্ট মন্ত্রীবর্গ, মন্ত্রিপরিষদ সচিব, প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব ও উর্ধ্বতন কর্মকর্তারা বৈঠকে যোগ দেন।